চুয়াডাঙ্গায় কিশোর কিশোরী ক্লাবের বৃক্ষরোপণ কর্মসুচি পালন

“গাছ লাগান, পরিবেশ বাঁচান ” এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা সদর উপজেলা কিশোর কিশোরী ক্লাবের সাধারণ সম্পাদক সাব্বির আহমেদ আকাশের নেতৃত্বে গাছ লাগানো কর্মসুচি পালন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল চারটায় চুয়াডাঙ্গা রাহেলা খাতুন গার্লস একাডেমির মাঠ প্রাঙ্গনে গাছ লাগানো হয়। গাছ লাগানো কর্মসুচি শুভ উদ্বোধন করেন, চুয়াডাঙ্গা পৌর ৪ নং ওয়ার্ডের কাউন্সিলর মাফিজুর রহমান মাফি। ফলজ, ঐষধি, বনজ গাছ।

এই কর্মসুচিতে এই গাছগুলো লাগানো হয়। কৈশোর কর্মসুচির আওতায় আয়োজনে ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা কিশোর কিশোরী ক্লাব ও ওয়েভ ফাউন্ডেশন।

বৃক্ষরোপন কর্মসুচিতে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা কিশোর কিশোরী ক্লাবের উপদেষ্টা শেখ লিটন, প্রচার প্রকাশনা সম্পাদক মনিরুল ইসলাম, মেন্টর শুভ, রাতুল, রিয়া, তথ্য ও প্রযুক্তি সম্পাদক মায়মুনা, প্রমুখ।

এছাড়াও উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার কানিজ সুলতানা, চুয়াডাঙ্গা সদর উপজেলা কিশোর কিশোরী ক্লাবের সদস্যবৃন্দ।

মেহেরপুরে মউকের উঠান বৈঠক

[redacted]

[redacted] [redacted] [redacted] [

এ অফিস উদ্বোধন ও আলোচনা সভায় সংগঠনের সাধারন সম্পাদক ফাউজুল আজিম (সানজা) এর উপস্থাপনায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক আলি মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু ও দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ।

এ অফিস উদ্বোধন ও আলোচনায় আরও উপস্থিত ছিলেন সংগঠনের সহ-সভাপতি মাহবুবুর রহমান, সহ-সাধারন সম্পাদক রয়েল, সাংগঠনিক সম্পাদক মতিয়ার রহমান ও প্রচার সম্পাদক মামুন সহ সংগঠনের নের্তৃবৃন্দ এবং সদস্যগণেরা।

এ অফিস উদ্বোধন ও আলোচনা শেষে এক বৈঠকে দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবুকে প্রধান উপদেষ্টা ও দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ এবং এ্যাড. আত্তাব উদ্দিনকে উপদেষ্টা করে ৩ সদস্য বিশিষ্ট একটি উপদেষ্টা কমিটি গঠন করা হয়।

চুয়াডাঙ্গায় সম্মিলিত উলামা কল্যাণ পরিষদের বিক্ষোভ

সুইডেনে আগাম ঘোষণা দিয়ে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় ঈদুল আজহার দিনে পবিত্র কুরআন পোড়ানোর ঘটনার প্রতিবাদে চুয়াডাঙ্গা জেলার সদরের বেলগাছি রেলগেটে প্রতিবাদী বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে চুয়াডাঙ্গা জেলার দ্বীনি ও সেবামূলক সংগঠন সম্মিলিত উলামা কল্যাণ পরিষদ।

আজ শুক্রবার বাদ জুমা বেলগাছি রেল গেট সংলগ্ন ত্রিমুখী চত্বরে এই বিক্ষোভ মিছিল ও প্রতিবাদী সমাবেশ অনুষ্ঠিত হয়।

এতে সভাপতিত্ব করেন সংগঠনটির সভাপতি হাফেজ মাওলানা সারওয়ার হুসাইন।প্রতিবাদী সমাবেশে বক্তারা বলেন, কুরআনের অবমাননা কোনো

মুসলমানদের পক্ষে মেনে নেওয়া সম্ভব না। তাই আমরা এর প্রতিবাদে রাজপথে নেমে এসেছি। সুইডেনে এর আগেও এমন নিন্দনীয় অপরাধের ঘটনা ঘটেছে। কেন এমন ঘটনা বারবার ঘটছে তা বের করে যথাযথ ব্যবস্থা নেওয়া দাবি জানাচ্ছি আমরা।

বক্তারা বলেন, বিশ্বমানবতার মুক্তির সনদ হলো মহাগ্রন্থ আল কোরআন। এই মহাগ্রন্থের যেকোন ধরনের অবমাননা বিশ্ব মুসলিম বিনা চ্যালেঞ্জে ছেড়ে দেবে না । যারা কুরআনের অবমাননা করেছে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি চাই। বক্তারা আরও বলেন, সুইডেনে কুরআন পোড়ানো হয়নি, বরং বিশ্বের মুসলমানদের হৃদয় পোড়ানো হয়েছে। এই ঘটনায় গোটা বিশ্বের মুসলমানদের হৃদয়ে রক্তক্ষরণ হচ্ছে। আমরা এটা কোনভাবেই মেনে নিতে পারছি না।

সরকারের কাছে দাবী জানিয়ে বক্তারা বলেন, সুইডেনের এই ন্যাক্কারজনক ঘটনার প্রতিবাদ জানানোয় বাংলাদেশ সরকারকে ধন্যবাদ জানাই। সেই সাথে দাবী জানাচ্ছি, যতদিন পর্যন্ত সুইডেন সরকার বিশ্বের মুসলমানদের কাছে ক্ষমা প্রার্থনা না করবে ততদিন পর্যন্ত সুইডিশ দূতাবাস বন্ধ রাখা হোক এবং রাষ্ট্রীয় সকল সম্পর্ক ছিন্ন রাখা হোক।বিক্ষোভ মিছিল শেষে সম্মিলিত উলামা কল্যাণ পরিষদের পক্ষ থেকে চুয়াডাঙ্গা শহরে এক হাজার কুরআন শরীফের কপি বিতরণের ঘোষণা দিয়েছে নেতৃবৃন্দগণ।

আয়োজিত বিক্ষোভ মিছিল ও সমাবেশে বক্তব্য রাখেন, মাওলানা হাসানুজ্জামান, মাওলানা আব্দুর রশিদ রজব, মাওলানা মাহফুজুর রহমান মাফী, মাওলানা আমীর খসরু, মাওলানা সাইফুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন, মাওলানা জুনাইদ আল হাবিব, মাওলানা ফয়জুল্লাহ আল মুনির, মাওলানা জামাল উদ্দিন প্রমুখ।

আমাদের জন্মভূমি মেহেরপুর সংগঠনের পক্ষ থেকে হতদরিদ্রকে

অটোভ্যান গাড়ী প্রদান

স্বপ্নবাজ তরুণদের নিরলস প্রচেষ্টায় আমাদের জন্মভূমি মেহেরপুর সংগঠনের পক্ষ থেকে ফিরোজপুর ইউনিয়নের কাঠালপোতা গ্রামের হতদরিদ্র আসলাম মন্ডলকে তার উপার্জনের জন্য একটি অটোভ্যান গাড়ী উপহার দেওয়া হয়েছে।

আজ শুক্রবার বিকেলে মুজিবনগর মুক্তিযোদ্ধু স্মৃতি কমপ্লেক্স স্মৃতিসৌধ প্রাঙ্গণ এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের মাধ্যমে এই অটোভ্যান গাড়ি উপহার দেওয়া হয়।

আমাদের জন্মভূমি মেহেরপুর সংগঠনের সভাপতি সেলিম রেজা, সাধারণ সম্পাদক এস রানা, বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক উপস্থিত থেকে ভ্যান গাড়িটি প্রদান করেন। এ সময় সংগঠনের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে জন্মভূমি মেহেরপুর সংগঠনটি ২০২০ সালের প্রতিষ্ঠিত হয় বর্তমানে সদস্য সংখ্যা ৪২ হাজার ৮০০ জন। সংগঠনটি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকেই সদস্যদের নিজস্ব অর্থায়নে জেলার বিভিন্ন হতদরিদ্র মানুষকে সহযোগিতা করে আসছে।

গাংনীতে হেলথ প্রমোশন ফাউন্ডেশনের দাবীতে অবস্থান কর্মসূচী

মেহেরপুরের গাংনীতে স্বাস্থ্য উন্নয়নে হেলথ প্রমোশন ফাউন্ডেশনের দাবীতে অবস্থান কর্মসূচী ও প্রধানমন্ত্রী বরাবর স্বারকলীপি প্রদান করা হয়েছে। বুধবার (১২ জুলাই) বেলা ১১ টায় গাংনী উপজেলা পরিষদের সামনে এ কর্মসূচী পালিত হয়।

আশ্রয় সমাজ উন্নয়ন সংস্থা ও শানঘাট পল্লী উন্নয়ন সংস্থা আয়োজিত অবস্থান কর্মসূচীতে স্মার্ট বাংলাদেশ গঠন বর্তমান সরকারের একটি

প্রতিশ্রুতি ও শ্লোগানের বাস্তবিক রূপ দেওয়ার জন্য অবস্থান কর্মসুচী পালন করা হয়।

দেশের সকল নাগরিকের জন্য সুস্বাস্থ্য নিশ্চিত করা জরুরী দাবী জানিয়ে বক্তব্য রাখেন, আশ্রয় সমাজ উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক তৌহিদ উদ দৌলা রেজা, শানঘাট পল্লী উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মহিবুল আলম, স্বদেশ সীড এর ব্যবস্থপনা পরিচালক মাজেদুল হক মানিক, গাংনী গণিত পরিবারের সভাপতি সাইফ হাসান কৌশিক, সাংবাদিক সাহাজুল ইসলাম সাজু,মীর শামিম প্রমূখ।

অবস্থান কর্মসূচী শেষে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্বারকলীপি প্রদান করা হয়।

স্বাধীনতা দেশজ চিকিৎসক পরিষদের মেহেরপুর জেলা শাখা কমিটি পুষ্পস্তবক অর্পণ

মহান স্বাধীনতা যুদ্ধের ঐতিহ্যবাহী পটভূমি মেহেরপুর এর মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স এ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে আজ স্বাদেচিপ এর মেহেরপুর শাখার নব নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক পুষ্পস্তবক অর্পণ ।

স্মার্ট বাংলাদেশ বির্নিমানের রূপকার, সফল রাষ্ট্রনায়ক, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার লক্ষ্যে তার হাতে গড়া সংগঠন, বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী ইউনানী ও আয়ুর্বেদিক গ্রাজুয়েট (BAMS ও BUMS) চিকিৎসকদের পেশাজীবী জাতীয় সংগঠন স্বাধীনতা দেশজ চিকিৎসক পরিষদ (স্বাদেচিপ) এর কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদ কর্তৃক মেহেরপুর জেলার সাংগঠনিক স্বাদেচিপ জেলা শাখা কমিটি ঘোষণা করা হয়েছে।

উক্ত কমিটিতে স্বাদেচিপ মেহেরপুর শাখার সভাপতি ডাঃ শাহিন আলী,

মেডিকেল অফিসার (ইউনানী), ২৫০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল মেহেরপুর এবং সাধারণ সম্পাদক ডাঃ মোঃ মাকসুদুর রহমান, মেডিকেল অফিসার (আয়ুর্বেদিক), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মুজিবনগর এর নাম ঘোষণা করা হয়েছে।

স্বাদেচিপ কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদেরৎ সভাপতি ডাঃ এ. কে. এম মামুন উর রশিদ চৌধুরী ও মহাসচিব ডাঃ খন্দকার ফারুক আহমেদ গতকাল (সোমবার) এক প্রেস রিলিজ এর মাধ্যমে সারা বাংলাদেশে ১৯ জেলায় স্বাদেচিপ এর সাংগঠনিক শাখা কমিটি ঘোষণা করেন।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী ইশতেহার ও ঘোষণা_ “দেশজ চিকিৎসা ব্যাবস্থাকে মূল ধারার আনতে হবে”। এই লক্ষ্যে সারা দেশে সরকার মেডিকেল কলেজ, জেলা সদর হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গুলোতে ইউনানী, আয়ুর্বেদিক ও হোমিওপ্যাথিক মেডিকেল অফিসার নিয়োগ দিয়ে যাচ্ছে। সাধারণ মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে ও সরকারের স্মার্ট বাংলাদেশের স্বপ্ন পূরণে প্রচলিত চিকিৎসা ব্যবস্থার পাশাপাশি তারা কাজ করে যাচ্ছে। মেহেরপুর এর স্বাস্থ্য সুরক্ষায় দেশজ চিকিৎসাকে মানুষের দোর গোড়ায় পৌঁছে দিতে এবং ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসার প্রচার ও প্রসারে সরকারের সাথে কাজ করার ব্যাপারে স্বাদেচিপ মেহেরপুর শাখার নব নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

ঝিনাইদহে লেডিস ক্লাবের পক্ষ থেকে ঈদ সামগ্রী বিতরণ

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ঝিনাইদহে অসহায় দুস্থদের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে। আজ মঙ্গলবার দুপুরে শহরের পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে লেডিস ক্লাবের পক্ষ থেকে এ ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও লেডিস ক্লাবের সাধারণ সম্পাদক সাদিয়া জেরিন’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন লেডিস ক্লাবের সভাপতি ও জেলা প্রশাসক পত্নী শারমিন আক্তার।

বিশেষ অতিথি ছিলেন লেডিস ক্লাবের সহ-সভাপতি পুলিশ সুপার পত্নী জিনিয়া রহমান, সামন্তী পাল, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সালমা সেলিম, সহকারী কমিশনার (ভূমি) শারমিন আক্তার সুমি, নির্বাহী ম্যাজিস্ট্রেট লায়লা ইয়াসমিন।

সেসময় শহরের বিভিন্ন এলাকার ২০০ অসহায় দুস্থ নারী ও পুরুষদের মাঝে সেমাই, চিনি, গুড়োদুধ, তেল, পোলাও চালসহ বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়। ঈদ সামগ্রী পেয়ে খুশি হতদরিদ্র মানুষগুলো।

মেহেরপুরে তিন দরিদ্র শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপকরণ বিতরণ

‘শুভ কাজে সবার পাশে’ এ শ্লোগানকে ধারণ করে সামাজিক উদ্যোগের অংশ হিসেবে মেহেরপুরে তিন জন শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করেছে শুভ সংঘ।

বুধবার দুপুর ১২ টার সময় মেহেরপুর সদর উপজেলার বামনপাড়ায় কাজি কুদরুতুল ইসলাম মাধ্যমিক বিদ্যালয়ের এ শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

কালের কন্ঠ শুভ সংঘের মেহেরপুর জেলা শাখার সভাপতি সাংস্কৃতিক ব্যক্তিত্ব নুরুল আহমেদের সভাপতিত্বে শিক্ষা উপকরণ বিতরণ অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী প্রধান শিক্ষক শ্যামল কুমার হালদার।

মেহেরপুর শুভ সংঘের সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ পলাশের সঞ্চালনায় অনুষ্ঠানে সংগঠনের সহ-সভাপতি ও জেলা রোভারের কোষাধ্যক্ষ রফিকুল আলম বকুল, যুগ্ম সাধারণ সম্পাদক বাদশা খান, সাজিদ ইসলাম, সাংগঠনিক সম্পাদক আল মাসুম শেখ, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক নাফিউল ইসলাম, প্রচার সম্পাদক ওবায়দুল্লাহ ও নির্বাহী সদস্য আবু রায়হান নিরব, তানজিমুল ইসলামসহ

প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রতিষ্ঠানের বাছাইকৃত তিনজন শিক্ষার্থীকে কালের কন্ঠ শুভ সংঘের পক্ষ থেকে শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় বিভিন্ন শিক্ষা উপকরন বিতরণ করা হয়।

মুজিবনগরে গুডনেইবারর্স এর শিশু অধিকার ভিত্তিক ক্যাম্পেইন

মুজিবনগরে শিশুশ্রম, বাল্যবিবাহ,শিশুদের যৌন হয়রানি, প্রতিরোধের সরকারের বিভিন্ন পদক্ষেপ এবং শিশু সুরক্ষা, শিশু অধিকার, ভিত্তিক ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয়ে এই ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়।

গুড নেইবারস মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে, ক্যাম্পেইন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

সিডিপির সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় ক্যাম্পেইন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক লুক হরেন্দ্র বিশ্বাস, গুডনেইবারর্স এর এডমিন অফিসার অশোক মালাকার, গুডনেইবারর্স এর ইউথ লিডার শামিম খান। ক্যাম্পেইন অনুষ্ঠানে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের মাঝে চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং বিজয়ী চিত্রশিল্পীদের পুরস্কৃত করা হয়।

শিশু অধিকার ক্যাম্পেইন অনুষ্ঠানে বল্লভপুর মিশন মাধ্যমিক